

গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান

২০২৬-২০২৭ অর্থবছরে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় গবেষণা প্রকল্প নীতিমালা-২০২৬ এর আওতায় ১ (এক) বছর মেয়াদী প্রকল্পে নির্ধারিত ফরমে গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহ্বান করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্রহীদের আবেদন করতে হবে।

১. আবেদনের শর্তাবলী:

- প্রার্থীকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা অধিভুক্ত মাদরাসার এমফিল/পিএইচডি ডিগ্রীধারী শিক্ষক হতে হবে ও যথাযথ কর্তৃপক্ষের পূর্বনুমোদন গ্রহণপূর্বক আবেদন করতে হবে।
- প্রকল্প প্রস্তাব একক বা যৌথভাবে পেশ করা যাবে।
- একক গবেষণা প্রকল্পের ক্ষেত্রে গবেষককে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা অধিভুক্ত ফাযিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রভাষক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষক হতে হবে।
- যৌথ গবেষণার ক্ষেত্রে নিম্নরূপে ২ (দুই) সদস্যের গবেষণা দল গঠিত হবে:
 - প্রধান গবেষক: প্রধান গবেষককে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা অধিভুক্ত মাদরাসার এমফিল/পিএইচডি ডিগ্রীধারী অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রভাষক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষক হতে হবে।
 - সহযোগী গবেষক: ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/অধিভুক্ত মাদরাসার প্রভাষক/তদুর্ধ্ব পর্যায়ের ১ (এক) জন শিক্ষক অথবা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা (৯ম/তদুর্ধ্ব গ্রেডের) হতে হবে।
- একক বা যৌথ উভয় গবেষণার ক্ষেত্রে গবেষক/প্রধান গবেষক একজন করে গবেষণা সহকারী নিয়োগ দিতে পারবেন। গবেষণা সহকারীকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসা থেকে ন্যূনতম ফাজিল (স্নাতক) অনার্স ডিগ্রীধারী হতে হবে। কামিল (স্নাতকোত্তর)/কামিল মাস্টার্স (১বছর মেয়াদী)/এমফিল/পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীরা গবেষণা সহকারী হতে পারবেন।

২. আবেদন প্রক্রিয়া:

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সাথে গবেষকের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত ও ইতোপূর্বে সম্পন্নকৃত গবেষণা প্রকল্পের শিরোনামসহ ব্যাপ্তিকাল এবং সাম্প্রতিককালে প্রকাশিত গবেষণা প্রবন্ধের তালিকা (যদি থাকে) সংযুক্ত করে সরাসরি/ডাক/কুরিয়ারযোগে ডিন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১ ঠিকানায় আগামী ৩০ নভেম্বর ২০২৬খ্রি. এর মধ্যে জমা দিতে হবে।

৩. গবেষণার বিষয়বস্তু:

- আল-কুরআন, আল-হাদিস, ইসলামি দাওয়াহ, আরবি ভাষা ও সাহিত্য, ফিক্হ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ইত্যাদি বিষয়ে বিষয়ভিত্তিক গবেষণা।
- মাদরাসা শিক্ষার সাথে সম্পর্কিত অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়সমূহ।
- কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী গবেষণা প্রকল্পের উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ অন্য যে-কোনো বিষয়।
- গবেষণার বিষয়বস্তু জাতীয় চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

৪. গবেষণার ভাষা: গবেষণার ভাষা হবে বাংলা, আরবি ও ইংরেজী।

৫. গবেষণার আর্থিক অনুদান:


একটি একক গবেষণা প্রকল্পের ক্ষেত্রে সর্বোচ্চ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং যৌথ গবেষণা প্রকল্পের ক্ষেত্রে সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ দেওয়া হবে। কর্তৃপক্ষ গবেষণা প্রকল্পের ব্যাপ্তি (Scope) বিবেচনায় আর্থিক পরিধি পুনর্নির্ধারণ করতে পারবেন।

৬. গবেষণা প্রকল্পের সময়কাল:

- গবেষণা প্রস্তাবনা অনুমোদন সংক্রান্ত অফিস আদেশ জারির তারিখ থেকে গবেষণা প্রকল্পের মেয়াদকাল হবে ০১ (এক) বছর।
- নির্ধারিত সময়ের মধ্যে গবেষণাকর্ম সমাপ্ত না হলে যথাযথ কারণ প্রদর্শনপূর্বক গবেষক/গবেষক দলের আবেদনের প্রেক্ষিতে গবেষণা প্রকল্প কমিটি সর্বোচ্চ ৩ (তিন) মাস সময়কাল বৃদ্ধি করতে পারবেন।
- নির্ধারিত সময়ের মধ্যে গবেষণাকর্ম সমাপ্ত করতে ব্যর্থ হলে প্রকল্পটি বাতিল বলে গণ্য হবে এবং প্রকল্প বাবদ প্রাপ্ত সমুদয় অর্থ বিশ্ববিদ্যালয়ে ফেরত দিতে হবে।

৭. গবেষণা প্রকল্পের আবেদনপত্রের ফর্ম, তথ্য ছক এবং গবেষণা প্রকল্পের পূর্ণাঙ্গ নীতিমালা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd-তে পাওয়া যাবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে



(প্রফেসর ড. মুহাম্মদ গোলাম রব্বানী)

ডিন

কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২৩১

যোগাযোগ:

০১৮১৯-৭২৭৩০৫
০১৭১১-৮৭৪৮৯১